

কৃতিবাস

‘লেখা চেয়েছেন আপনার আছে দাবি’
 বছদিন হলো কোন বসন্তবিকলে
 হলুদ মলাটে ঢাকা ওই কটা শব্দ
 ঝাঁপ দিয়ে উঠে বয়ে গিয়েছিল শিরায়
 ঘুরে ঘুরে এত বয়সের অলিগলিতে
 আচমকা কোন স্মৃতি জেগে ওঠে যেভাবে
 কীর্তনের আর গাজনে বা গঞ্জিরায়--
 ঠিক সেই ভাবে একথা কূলপ্লাবী
 লেখা চেয়েছেন আপনার আছে দাবী।

দশকে দশকে কেটে যায় কত ঘূর্ণি
 আঁকাবাঁকা পথে আমরা কখনও এক নই
 এক নয় হাতে জাদুরহস্য মদিরা--
 কারো হাতে বড় সহজেই দেখি সে - জাদু
 ছুঁয়ে যায় সব যাপনবিন্দু, এদিকে
 আমাদের জড়ায় তবুও- কিন্তু-যদিরা--
 আলস্য জোড়া প্রতিদিনই তবু ভাবি
 লেখা চেয়েছেন আপনার আছে দাবী।

গঙ্গাকিনারে সন্স্কার ঠিক সামনে
 আবছা আলোয় ভরে যায় মুখমন্ডল
 মৃত্যুর পাশে ভেসে ওঠা মৃত্যুরা--
 সব হিংস্রতা সব অন্ধতা শেষ হয়
 গত-অনাগত দিন- রাত নিয়ে দুপাশে
 যে জানে কবিতা কেবলই রত্তাতুরা
 তারই হাতে খুঁজি শেষ সময়ের চাবি
 লেখা চেয়েছেন আপনার আছে দাবী।

শঙ্খঘোষ

